# "প্রেসনোট"

**গত ২২.০৭.২০২৫ ইং তারিখ রোজ মঙ্গলবার EUB এর স্থায়ী ক্যাম্পাসে সংঘঠিত নাশকতা/ সন্ত্রাসী কর্মকান্ডের প্রেক্ষিতে EUB কর্তৃপক্ষের বিবৃতি:**

বিগত ২২.০৭.২০২৫ ইং তারিখ রোজ মঙ্গলবার European University of Bangladesh (EUB) এর স্থায়ী ক্যাম্পাসে (২/৪,গাবতলী, মিরপুর, ঢাকা-১২১৬) বেলা ১১:০০ঘটিকায় Campus এর ২য় তলায় আইন বিভাগের ছাত্র মোঃ মশিউর রহমান রাঙ্গা, একই বিভাগের ছাত্র ইমরান মিয়া, মেহেদি হাসান, মেহেরাব হোসেন ও ইমরান (বিটিএইচএম বিভাগ) এর নেতৃত্বে কতিপয় বহিরাগত এবং EUB এর প্রাক্তন ছাত্র ক্যাম্পাসে অতর্কিত ভাবে প্রবেশ করে। অতপর তারা EUB এর বর্তমান BoT-Chairman জনাব আহমেদ ফরহাদ খান এর বিরুদ্ধে অত্যন্ত অশালীন ভাষায় আপত্তিকর শ্লোগান দিতে থাকে এবং রাঙ্গার নেতৃত্বে মিছিল নিয়ে Campus প্রদক্ষিন করতে শুরু করে।

তখন EUB এর কতিপয় শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও সাধারণ ছাত্র-ছাত্রীরা তাদেরকে নিবৃত্ত করার চেষ্টা করলে এক পর্যায়ে তারা মারমুখী হয়ে ওঠে এবং তাদেরকে শারীরিক ভাবে লাঞ্ছিত করে।

এতে কতিপয় শিক্ষক, কর্মকর্তা এবং সাধারণ ছাত্র ছাত্রী মারাত্মকভাবে আহত হয়। এই ঘটনার প্রমানস্বরূপ Video footage এবং Still Photographs EUB এর যথাযথ কর্তৃপক্ষের কাছে সংরক্ষিত আছে। বিষয়টি সংশ্লিষ্ট দারুস সালাম থানার পুলিশ এবং নিকটস্থ সেনা ক্যাম্পে জানানো হলে তারা বিষয়টি আমলে নিয়ে ঘটনাস্থলে এসে সরেজমিনে পর্যবেক্ষণ করেন।

এ প্রেক্ষিতে বিজ্ঞ C. M. M আদালতে ২৩.০৭.২০২৫ইং তারিখে একটি মামলা রুজু হয়েছে (C.R মামলা নং ৩৮৫/২০২৫)

এই ঘটনার প্রেক্ষিতে EUB শৃঙ্খলা কমিটির একটি জরুরী বৈঠক অনুষ্ঠিত হয় এবং উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক এই ন্যাক্কারজনক ঘটনার নেতৃত্ব দানকারী EUB এর আইন বিভাগের ছাত্র মোঃ মশিউর রহমান রাঙ্গার বিষয়ে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহনের জন্য EUB এর Syndicate এ পাঠানো হয়। উক্ত ঘটনার প্রেক্ষিতে বিগত ২৩.০৭.২০২৫ ইং রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকায় EUB এর উপাচার্য মহোদয় এর কক্ষে অতীব জরুরী ভিত্তিতে Syndicate এর সভা অনুষ্ঠিত হয়।



CamScanner

উক্ত Syndicate সভায় এতদসংক্রান্ত যাবতীয় খুটিনাটি বিষয়াদি চুলচেরা বিশ্লেষণ পূর্বক সর্ব সম্মতিক্রমে মোঃ মশিউর রহমান রাঙ্গাকে EUB হতে স্থায়ীভাবে বহিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

Syndicate এ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ইতিমধ্যে EUB এর যথাযথ কর্তৃপক্ষ মোঃ মশিউর রহমান রাঙ্গা'র স্থায়ী বহিষ্কার আদেশ কার্যকর করেছে এবং ইমরান মিয়া (এল এল বি) আইডি-২৩০১০৮০৩০, মেহেদি হাসান (এল এল বি) আইডি-২২০২০৮০৩৮, মেহেরাব হোসেন (এল এল বি) অইডি:২১০৩০৮০২১ ও ইমরান (বিটিএইচএম) আইডি:২৪০২১৪০২৩ এর বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলাভঙ্গের জন্য কেনো যথাযথ প্রশাসনিক এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না সে মর্মে তাদের প্রত্যেককে কারণ দর্শানোর নোটিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

শিক্ষার সুষ্ঠ পরিবেশ বজায় রাখার স্বার্থে বিষয়টি অতীব জরুরী ভিত্তিতে EUB এর সকল শিক্ষক, কর্মকর্তা কর্মচারী এবং সাধারণ শিক্ষার্থীদের অবহিত করা হলো।

কর্তৃপক্ষ, ইইউবি

Mailing Address :
Permanent Campus: 2/4. Gabtoli, Mirpur, Dhaka-1216.
www.eub.edu.bd, E-mail: info@eub.edu.bd

CamScanner